

Md. Matiar Rahman

(Additional Secretary)

Director General

Bangladesh Bureau of Statistics
Statistics and Informatics Division
Ministry of Planning



মো: মতিয়ার রহমান

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়

উপানুষ্ঠানিক পত্র নং: ৫২.০১.০০০০.৪০৯.১৪.২৮৭.২২(অংশ-১)-২৮৬৪

তারিখ: ২৪.০৫.২০২৩ খ্রি.

বিষয়: আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ সুষ্ঠুভাবে বাস্তবায়নে সহযোগিতা প্রদান।

প্রিয় মহোদয়,

আপনি নিশ্চয় অবগত আছেন যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) জাতীয় পরিসংখ্যান সংস্থা হিসেবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের চাহিদা মোতাবেক নিয়মিতভাবে বিভিন্ন জরিপ ও শুমারি পরিচালনার মাধ্যমে প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংগ্রহ, সংকলন ও প্রকাশ করে থাকে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর মূল শুমারির তথ্যসংগ্রহ কার্যক্রমে দেশের প্রতিটি খানা ও ব্যক্তি পর্যায়ে গুরুত্বপূর্ণ তথ্য প্রথমবারের মতো ডিজিটাল পদ্ধতিতে ট্যাবলেট ব্যবহার করে Computer Assisted Personal Interviewing (CAPI) এর মাধ্যমে সংগ্রহ করা হয়েছে। ইতোমধ্যে শুমারি সম্পন্নের মাত্র ০১ মাসের মধ্যে ২৭ জুলাই ২০২২ তারিখে প্রাথমিক প্রতিবেদন প্রকাশের মাধ্যমে দেশের গণনাকৃত মোট জনসংখ্যার হিসাব দেয়া হয়েছে। উক্ত কার্যক্রম সম্পাদনে জেলা প্রশাসন ও উপজেলা প্রশাসন এর কর্মকর্তা/কর্মচারীগণ যে আন্তরিক সহযোগিতা প্রদান করেছেন, সেজন্য আপনাকে ও আপনার মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

০২। শুমারি পরবর্তী সময়ে আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ এর মাধ্যমে একটি দীর্ঘ প্রশ্নপত্র ব্যবহার করে দেশের জনসংখ্যার বর্তমান অবস্থা মূল্যায়ন করতে জন্ম, মৃত্যু, অভিবাসন, আবাসন, স্বাস্থ্য, স্যানিটেশন, বিদ্যুৎ, খাবার পানির প্রাপ্যতা ইত্যাদি সম্পর্কিত বিস্তারিত তথ্যসংগ্রহ করা হবে। পরবর্তী সময়ে এসব তথ্য বিশ্লেষণ করে বিভিন্ন ধরনের রিপোর্ট প্রকাশ করা হবে যা- দেশের উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

০৩। ২১ মে হতে ১৫ জুন ২০২৩ সময়ে দেশের ১২,০৪০টি নমুনা এলাকায় আর্থসামাজিক ও জনমিতিক জরিপ ২০২৩ পরিচালিত হবে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র নিজস্ব জনবল এবং সাময়িকভাবে নিয়োগকৃত তথ্যসংগ্রহকারীগণের মাধ্যমে প্রায় ৩,০১,০০০টি খানার আর্থসামাজিক ও জনমিতিক তথ্যাদি ট্যাবলেট ব্যবহার করে Computer Assisted Personal Interviewing (CAPI) পদ্ধতিতে সংগ্রহ করা হবে। নমুনা এলাকার সংখ্যা বিবেচনায় এটি বিবিএস কর্তৃক পরিচালিত সর্ববৃহৎ জরিপ এবং এই জরিপ হতে বিভিন্ন সূচকের জেলা পর্যায় পর্যন্ত তথ্য প্রদান করা সম্ভব হবে।

০৪। বর্ণিত প্রেক্ষাপটে ২১ মে হতে ১৫ জুন ২০২৩ সময়ে চলমান জাতীয় এ গুরুত্বপূর্ণ কাজে অন্যান্য শুমারি/জরিপের ন্যায় আপনার সার্বিক সহযোগিতা ও অংশগ্রহণ কামনা করছি। তাছাড়া, এ গুরুত্বপূর্ণ কাজে আপনার অধীনস্থ উপজেলা নির্বাহী অফিসারগণকে সহযোগিতা ও সক্রিয় অংশগ্রহণের জন্য নির্দেশনা প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে,



মো: মতিয়ার রহমান

(অতিরিক্ত সচিব)

মহাপরিচালক

০২-৫৫০০৭০৫৬

ইমেইল: dg@bbs.gov.bd

জনাব

জেলা প্রশাসক

.....জেলা।